রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৮ ফাল্গুন ১৪১৪/২০ ফেব্রুয়ারি ২০০৮

এস, আর, ও নং ৩৭-আইন/২০০৮।—বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**—এই বিধিমালা প্রতিবন্ধী কল্যাণ বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২ নং আইন);

(খ) "কার্যালয়" অর্থ সমাজসেবা অধিদপ্তরের কোন কার্যালয় বা আইনের ধারা ১০এ বর্ণিত কোন কার্যালয়;

(গ) "জেলা কমিটি" অর্থ আইনের ধারা ১২ এর অধীন গঠিত জেলা প্রতিবন্ধী কল্যাণ কমিটি;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) "নিবন্ধন" অর্থ বিধি ৪ এর অধীন নিবন্ধন;

মূল্য ঃ টাকা ১০.০০

(চ) "নিবন্ধক" অর্থ জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক;

(ছ) "নিবন্ধন বহি" অর্থ প্রতিবন্ধীদের নিবন্ধনের জন্য সংরক্ষিত বহি;

(জ) "নির্বাহী কমিটি" অর্থ আইনের ধারা ৮ এর অধীন গঠিত প্রতিবন্ধী কল্যাণ নির্বাহী কমিটি;

(ঝ) "পরিচয়পত্র" অর্থ বিধি ৮ এর অধীন প্রদত্ত প্রতিবন্ধীদের পরিচয়পত্র;

(ঞ) "ফরম" অর্থ তফসিলে বর্ণিত ফরম;

(ট) "ফৌজদারী কার্যবিধি" অর্থ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন);

(ঠ) "মহাপরিচালক" অর্থ সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক;

(ড) "সংগঠন" অর্থ প্রতিবন্ধীদের কল্যাণ, সেবা ও উন্নয়নে গঠিত কোন সংগঠন;

(ঢ) "সমন্বয় কমিটি" অর্থ আইনের ধারা ৪ এর অধীন গঠিত জাতীয় প্রতিবন্ধী কল্যাণ সমন্বয় কমিটি ।

৩। **প্রতিবন্ধী চিহ্নিতকরণ** ।—(১) আইনের ধারা ৩ এর বিধান সাপেক্ষে জেলা কমিটি সংশ্লিষ্ট জেলা এলাকার প্রতিবন্ধীদের চিহ্নিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে ।

(২) কোন জেলা এলাকার প্রতিবন্ধীদেরকে সঠিক ও সুষ্ঠুভাবে চিহ্নিত করিয়া তালিকা প্রস্তুতের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা কমিটি নিম্নবর্ণিত ব্যক্তিগণকে দায়িত্ব প্রদান করিতে পারিবে, যথা ঃ—

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সচিব;

(খ) গ্রাম পুলিশ;

(গ) সিটি কর্পোরেশন বা পৌরসভার কমিশনার;

(ঘ) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকায় নিয়োজিত স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণ কর্মী;

(ঙ) প্রতিবন্ধীদের নিয়ে কর্মরত সংগঠনের প্রতিনিধি;

(চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেক্টরে নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠানের (এনজিও) মাঠকর্মী;

(ছ) কোন সরকারী বা সরকার কর্তৃক নিবন্ধীকৃত বেসরকারী হাসপাতাল বা ক্লিনিক বা মাতৃসদন বা অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উহার দায়িত্বপ্রাপ্ত মেডিকেল অফিসার অথবা ডাক্তার বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(জ) নিবন্ধক কর্তৃক নিয়োজিত অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী;

(ঝ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা; এবং

(ঞ) জেলা কমিটি কর্তৃক নির্ধারিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ।

(৩) দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ তফসিল "ক" এ বর্ণিত ফরম-১ অনুযায়ী প্রতিবন্ধী সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিয়া জেলা কমিটির নিকট প্রেরণ করিবেন।

(৪) প্রতিবন্ধী সম্পর্কিত তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য প্রদানকারী এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, বর্ণিত তথ্য সঠিক এবং ইতিপূর্বে উক্ত তথ্যাদি সম্বলিত ব্যক্তি প্রতিবন্ধী হিসাবে নিবন্ধিত হন নাই।

৪। **প্রতিবন্ধী নিবন্ধন**।—নিবন্ধক বিধি ৩ এর উপ-বিধি (২) এ বর্ণিত ব্যক্তিগণের নিকট হইতে প্রয়োজনীয় তথ্য সম্বলিত তালিকা প্রাপ্তির পর নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট এলাকার প্রতিবন্ধীদের নিবন্ধন করিবেন।

৫। **নিবন্ধকের দায়িত্ব ও কার্যাবলী**।—নিবন্ধকের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) সকল প্রতিবন্ধীর নিবন্ধন নিশ্চিত করা;

(খ) নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, তালিকা প্রস্তুত এবং ফরম ও রেজিস্টার ছাপানো অথবা সংগ্রহ এবং তথ্যসমূহ কম্পিউটারাইজড ডাটাবেজে সংরক্ষণ করা;

(গ) নিবন্ধন সংক্রান্ত নথিপত্র এবং নিবন্ধন বহি সংরক্ষণ করা;

(ঘ) প্রতিবন্ধীদের পরিচয়পত্র সরবরাহ করা; এবং

(ঙ) জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৬। **নিবন্ধকের ক্ষমতা**।—(১) কোন প্রতিবন্ধীর নিবন্ধন করার জন্য তথ্যের সত্যতা যাচাই এর প্রয়োজনে নিবন্ধক নিজে অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির দ্বারা তদন্ত করিতে পারিবেন।

(২) নির্দিষ্ট সময়ের মধ্যে কোন প্রতিবন্ধীর নিবন্ধন করা না হইলে নিবন্ধক সংশ্লিষ্ট ব্যক্তির পিতা মাতা বা পুত্র বা কন্যা বা অভিভাবক অথবা বিধি ৩ এ বর্ণিত কোন ব্যক্তিকে প্রয়োজনীয় তথ্য প্রদানের নির্দেশ সম্বলিত নোটিশ জারী করিতে পারিবেন।

৭। **নিবন্ধন সংক্রান্ত তথ্য অনুসন্ধান**।—(১) কোন ব্যক্তি বা সংস্থা সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে প্রতিবন্ধী সংক্রান্ত সংগৃহীত তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত সকল তথ্য ও উদ্ধৃতাংশ নিবন্ধক কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে।

৮। **পরিচয়পত্র প্রদান**।—(১) জেলা কমিটি সংশ্লিষ্ট জেলা এলাকায় স্থায়ীভাবে বসবাসরত সকল নিবন্ধিত প্রতিবন্ধীকে তফসিল 'ক' এ বর্ণিত ফরম-২ অনুযায়ী পরিচয়পত্র প্রদান করিবে।

(২) জেলা কমিটির পক্ষে উহার সদস্য সচিব স্বাক্ষরিত পরিচয়পত্রে নিবন্ধন বহিতে প্রাপ্ত প্রয়োজনীয় তথ্যাদি উল্লেক থাকিতে হইবে।

(৩) পরিচয়পত্র হারাইয়া গেলে যত দ্রুত সম্ভব নিকটস্থ থানায় এবং জেলা কমিটির নিকট উহা জানাইতে হইবে।

(৪) পরিচয়পত্র হারাইবার সংবাদ প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে উক্ত প্রতিবন্ধী ব্যক্তির নামে নতুন একটি পরিচয়পত্র ইস্যু করা যাইবে।

৯। **সরকারী ও বেসরকারী সংস্থার ক্ষেত্রে সমন্বয় কমিটির নির্দেশের বাধ্যবাধকতা।**—(১) সমন্বয় কমিটির সকল সিদ্ধান্ত, নির্দেশনা এবং উক্ত কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প বা কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে নির্বাহী কমিটি, জেলা কমিটি, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

(২) নির্বাহী কমিটির সকল সিদ্ধান্ত, নির্দেশনা এবং উক্ত কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প বা কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে জেলা কমিটি, মাঠ পর্যায়ের সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

১০। **সমন্বয় কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী।**—সমন্বয় কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) সমন্বয় কমিটির সদস্য সচিব সভার সময় এবং স্থান উল্লেখ করিয়া সাধারণ সভার ক্ষেত্রে পনের দিনের নোটিশ এবং বিশেষ সভার ক্ষেত্রে পাঁচ দিনের নোটিশ প্রদান করিবেন;

(খ) সমন্বয় কমিটির সভা ঢাকায় অনুষ্ঠিত হইবে;

(গ) কোন সদস্য কোন বিষয় বিবেচনার জন্য সভায় উপস্থাপন করিতে পারিবেন না যদি তিনি উক্ত বিষয়ের জন্য সাত দিনের নোটিশ সদস্য সচিব-কে প্রেরণ না করেন ঃ

তবে শর্ত থাকে যে, সভাপতি তাহার স্বীয়-বিবেচনায় কোন বিষয় বিবেচনার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন;

(ঘ) সদস্য সচিব সভায় উপস্থিত সদস্যদের নাম এবং সভার কার্যপ্রণালী একটি বহিতে লিপিবদ্ধ করিবেন;

(ঙ) পূর্ববর্তী সভার বিবরণ প্রত্যেক পরবর্তী সভার শুরুতে পড়িয়া শুনানো হইবে এবং তাহা সভাপতি কর্তৃক অব্যাহত রাখা এবং তাহার দ্বারা স্বাক্ষরিত হইবে।

১১। **নির্বাহী কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী।**—নির্বাহী কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) নির্বাহী কমিটির সদস্য সচিব সভার সময় এবং স্থান উল্লেখ করিয়া সাধারণ সভার ক্ষেত্রে পনের দিনের নোটিশ এবং বিশেষ সভার ক্ষেত্রে পাঁচ দিনের নোটিশ প্রদান করিবেন;

(খ) নির্বাহী কমিটির সভা ঢাকায় অনুষ্ঠিত হইবে;

(গ) কোন সদস্য কোন বিষয় বিবেচনার জন্য সভায় উপস্থাপন করিতে পারিবেন না যদি তিনি উক্ত বিষয়ের জন্য সাত দিনের নোটিশ সদস্য সচিবকে প্রেরণ না করেন ঃ

তবে শর্ত থাকে যে, সভাপতি তাহার স্বীয়-বিবেচনায় কোন বিষয় বিবেচনার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন;

(ঘ) সদস্য সচিব সভায় উপস্থিত সদস্যদের নাম এবং সভার কার্যপ্রণালী একটি বহিতে লিপিবদ্ধ করিবেন;

(ঙ) পূর্ববর্তী সভার বিবরণ প্রত্যেক পরবর্তী সভার শুরুতে পড়িয়া শুনানো হইবে এবং তাহা সভাপতি কর্তৃক অব্যাহত রাখা এবং তাহার দ্বারা স্বাক্ষরিত হইবে।

১২। **জেলা কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী।**—জেলা কমিটির সভার নোটিশ প্রদান ও কার্যপ্রণালী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) জেলা কমিটির সদস্য সচিব সভার সময় এবং স্থান উল্লেখ করিয়া সাধারণ সভার ক্ষেত্রে পনের দিনের নোটিশ এবং বিশেষ সভার ক্ষেত্রে পাঁচ দিনের নোটিশ প্রদান করিবেন;

(খ) কোন সদস্য কোন বিষয় বিবেচনার জন্য সভায় উপস্থাপন করিতে পারিবেন না যদি তিনি উক্ত বিষয়ের জন্য সাত দিনের নোটিশ সদস্য সচিবকে প্রেরণ না করেন ঃ

তবে শর্ত থাকে যে, সভাপতি তাহার স্বীয়-বিবেচনায় কোন বিষয় বিবেচনার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন;

(গ) সদস্য সচিব সভায় উপস্থিত সদস্যদের নাম এবং সভার কার্যপ্রণালী একটি বহিতে লিপিবদ্ধ করিবেন;

(ঘ) পূর্ববর্তী সভার বিবরণ প্রত্যেক পরবর্তী সভার শুরুতে পড়িয়া শুনানো হইবে এবং তাহা সভাপতি কর্তৃক অব্যাহত রাখা এবং তাহার দ্বারা স্বাক্ষরিত হইবে।

১৩। **জেলা কমিটির অন্যান্য দায়িত্ব।**—আইনের ধারা ১৩ এ বর্ণিত দায়িত্ব ও কার্যাবলী ছাড়াও জেলা কমিটি নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা ঃ—

(ক) বাংলাদেশের প্রতিবন্ধী নাগরিকগণের সমমর্যাদা, অধিকার, জাতীয় ও সামাজিক কর্মকান্ডে পূর্ণ অংশগ্রহণ ও সুযোগ-সুবিধা নিশ্চিত করিবার পদক্ষেপ গ্রহণ;

(খ) প্রতিবন্ধিতার কারণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে গবেষণা এবং গবেষণাপত্র প্রকাশ ও জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহনের লক্ষ্যে জাতীয়, আন্তর্জাতিক দিবস ও উৎসবসমূহ উদ্‌যাপন করা;

(গ) প্রতিবন্ধীদের জন্য গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকরণ এবং সহযোগিতা প্রদান, স্টাইপেন্ড, বৃত্তি, ফেলোশীপ প্রদান করা, কমিটি, সাব-কমিটি এবং স্টাডি গ্রুপ গঠন, সেমিনার, ওয়ার্কশপ এবং কনফারেন্স আয়োজন, জার্নাল, সাময়িকী ও পুস্তকাদি প্রকাশনা;

(ঘ) প্রতিবন্ধীদের চিহ্নিত ও সনাক্তকরণপূর্বক বাস্তবসম্মত পরিকল্পনা এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(ঙ) প্রতিবন্ধীদের কল্যাণ, সেবা ও উন্নয়নে কর্মরত প্রতিষ্ঠান, সমিতি ও সংস্থাকে প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা ও উৎসাহ প্রদান এবং কাজের সমন্বয় সাধন;

(চ) প্রতিবন্ধী জনগোষ্ঠীর পুনর্বাসনের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

(ছ) সব ধরনের প্রতিবন্ধীদের অন্তর্নিহিত মেধা বিকাশের জন্য সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটের আলোকে যুগোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণমূলক কর্মসূচী, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ এবং এই লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণকে কার্যকর করার জন্য বিভিন্ন ধরনের শিক্ষা উপকরণ (যথা ঃ ব্রেইল গাইড, স্টাইলাস, পারকিনস ব্রেইলার, ব্রেইল প্রিন্টার, জস টকিং সফটওয়ার ইত্যাদি) সংগ্রহ, উৎপাদন ও বন্টনের পদক্ষেপ গ্রহণসহ এই সকল কাজে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদান;

(জ) প্রতিবন্ধীদের শিক্ষা ও প্রশিক্ষণের জন্য উপযুক্ত শিক্ষক ও প্রশিক্ষক তৈরীর পদক্ষেপ গ্রহণ;

(ঝ) দেশে বিদ্যমান পেশা অনুযায়ী প্রতিবন্ধীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করিয়া গড়িয়া তোলা যাহাতে তাহারা যোগ্যতা অনুযায়ী সহজে চাকুরী লাভ এবং স্বাবলম্বী হইবার মাধ্যমে আত্মমর্যাদার সাথে পুনর্বাসনের সুযোগ লাভ করে এবং বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও বেসরকারী সংস্থায় কোটা কিংবা কোটা বহির্ভূত চাকুরী প্রাপ্তির ব্যাপারে পদক্ষেপ গ্রহণ;

(ঞ) প্রতিবন্ধিতার ধরণ অনুযায়ী চিকিৎসা সুবিধা প্রদানের জন্য বিশেষ ও উপযোগী পরিবেশসম্পন্ন অবকাঠামো তৈরীর পদক্ষেপ গ্রহণ ও বিদ্যমান হাসপাতালসমূহকে এই বিষয়ে সাহায্য-সহযোগিতা প্রদান;

(ট) আত্মকর্মসংস্থানের জন্য প্রতিবন্ধীদের আর্থিক ও সহায়ক উপকরন দিয়া সাহায্য করা;

(ঠ) গুরতর ও অতিগুরুতর প্রতিবন্ধীদের জন্য দিবা যত্ন কেন্দ্র, অস্থায়ী হোম বা প্রতিবন্ধী নিবাস চালু ও পরিচালনা করিবার দায়িত্ব গ্রহণ;

(ড) প্রতিবন্ধীদের সমাজে সঠিক অর্থে পুনর্বাসনের লক্ষ্যে আইনগত অধিকার নিশ্চিত করিবার সহায়ক পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন এবং উত্তরাধিকারসূত্রে প্রাপ্য স্থাবর ও অস্থাবর সম্পদ অর্জনে আইনগত সাহয়তা প্রদান;

(ঢ) সরকারী নীতি নির্ধারণের ক্ষেত্রে প্রতিবন্ধীদের স্বার্থ সংরক্ষণ বিষয়ে সুপারিশমালা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ;

(ণ) প্রতিবন্ধীদের শৈল্পিক বা সাংস্কৃতিক প্রতিভার বিকাশ, বিনোদন ও তথ্য প্রচারের উদ্দেশ্যে বেতার, টেলিভিশন, সংবাদপত্র এবং সকল প্রকারের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া ও গণযোগাযোগ মাধ্যমসমূহে বিশেষ ব্যবস্থা গ্রহণ;

(ত) প্রতিবন্ধীদের ক্রীড়া ও শরীরচর্চা বিষয়ক কর্মকান্ডে উৎসাহিত করা এবং এসব কর্মকান্ডকে বাস্তবায়ন করিতে সাহযোগিতা করা;

(থ) ক্ষেত্র বিশেষে প্রতিবন্ধীদের আজীবন সেবা-যত্নের লক্ষ্যে তাহাদের পিতামাতা বা অভিভাবককে সম্ভাব্য সব ধরনের সাহায্য করা এবং শ্রেষ্ঠ সেবাদানকারীকে পুরস্কারের মাধ্যমে উৎসাহিত করা;

(দ) প্রতিবন্ধীদের চলাচল ও যাতায়াত ব্যবস্থা নিরাপদ ও সুগম করতে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করা;

(ধ) পরিচয়পত্র বহনকারী প্রতিবন্ধী যাত্রীদের জন্য সকল যানবাহনে আসন সংরক্ষণ এবং সরকারী ও বেসরকারী যানবহনে রেয়াতী হারে ভাড়া নির্ধারণের ব্যবস্থা করা;

(ন) প্রতিবন্ধীদের বৃহত্তর কল্যাণের লক্ষ্যে সরকারী, আধা-সরকারী ও বেসরকারী পর্যায়ে পরিচালিত উন্নয়ন কর্মকান্ডে বিষয়টিকে সম্পৃক্তকরণের পদক্ষেপ গ্রহণ; এবং

(প) প্রতিবন্ধীদের উন্নয়নমূলক কর্মকে উৎসাহিত, সহযোগিতা ও বেগবান করা এবং আধুনিক প্রযুক্তি ও ধ্যানধারণা ব্যবহার করিয়া দারিদ্র্য বিমোচন এবং কর্মসংস্থান সৃষ্টি করা;

(ফ) প্রতিবন্ধীদের ব্যবহারের জন্য এই বিধির তফসিল 'খ' এ বর্ণিত প্রয়োজনীয় উপকরণসহ অন্যান্য উপকরণাদি আমদানীর ক্ষেত্রে প্রযোজ্য কর রেয়াতের ব্যবস্থাগ্রহণ এবং প্রতিবন্ধীদের নিকট সুলভে উক্ত উপকরণাদি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করিবে।

১৪। **কমিটিসমূহের প্রতিবেদন।**—আইন ও বিধির অধীন বিভিন্ন কমিটির জন্য নির্ধারিত দায়িত্ব ও কার্যাবলী সুষ্ঠুভাবে প্রতিপালন ও উক্ত কমিটির জবাবদিহিতা নিশ্চিত করার জন্য—

(ক) জেলা কমিটি ইহার কার্যাবলীর একটি বাৎসরিক প্রতিবেদন নির্বাহী কমিটির নিকট প্রেরণ করিবেন;

(খ) নির্বাহী কমিটি ইহার কার্যাবলীর বাৎসরিক প্রতিবেদন সমন্বয় কমিটির নিকট প্রেরণ করিবেন;

(গ) সমন্বয় কমিটি ইহার কার্যাবলীর বাৎসরিক প্রতিবেদন জাতীয় সংসদে প্রেরণ করিবেন।

১৫। **চাকুরিক্ষেত্রে বৈষম্য দূরীকরণ**।—(১) একজন নিয়োগকর্তা কর্তৃক কোন ব্যক্তির প্রতিবন্ধিতার কারণে উক্ত ব্যক্তির প্রতি বৈষম্য করা বেআইনী হইবে, যদি—

(ক) চাকুরি প্রদান ও তাহা নির্ধারণ প্রক্রিয়ায় কোন বৈষম্য থাকে;

(খ) চাকুরির শর্তে কোন বৈষম্যমূলক আচরণ থাকে;

(গ) চাকুরি গ্রহীতার প্রবেশাধিকার অস্বীকার করে বা সীমিত করে;

(ঘ) চাকুরি গ্রহীতাকে চাকরিচ্যুত করে;

(ঙ) চাকুরি গ্রহীতাকে উপলক্ষ্য করিয়া অন্য কোন হয়রানিমূলক তথা ক্ষতিকর ব্যবস্থা গ্রহণ করে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কার্যাবলী বেআইনী হইবেনা, যদি কোন চাকুরিদাতা কোন প্রতিবন্ধীর চাকুরির ক্ষেত্রে প্রয়োজনীয় চাকুরি-পূর্ব যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাই ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনার ভিত্তিতে যথোপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক প্রার্থীকে সুনির্দিষ্ট কাজের জন্য সক্ষম নহে মনে করেন।

১৬। **সরকারী ভবন ও স্থানসমূহে প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা**।—(১) সেবাদানকারী সকল সরকারী ভবন এবং স্থানসমূহে প্রতিবন্ধীদের গমণের জন্য বিশেষ ব্যবস্থা থাকিতে হইবে।

(২) হুইল চেয়ার বা ক্র্যাচ ব্যবহারকারী প্রতিবন্ধীদের সুবিধার্থে বিভিন্ন সরকারী ভবন এবং স্থানসমূহের নিম্নলিখিত জায়গায় যথাযথ বা বিশেষ ব্যবস্থা থাকিতে হইবে, যথা ঃ—

(ক) গাড়ি পার্কিং এলাকাসমূহ;

(খ) রাস্তা পারাপার এবং করিডোরসমূহ;

(গ) ভবনের মেঝে;

(ঘ) সরকারী রাস্তা, চলাচলের রাস্তা এবং পথচারী পারাপারের ক্রসিং;

(ঙ) সিড়ি;

(চ) ক্যাম্পাস;

(ছ) লিফ্‌ট (উত্তোলক);

(জ) দরজা এবং প্রবেশপথ;

(ঝ) টয়লেট;

(ঞ) পার্ক, চিড়িয়াখানা এবং অন্যান্য বিনোদন কেন্দ্র;

(ট) বাস টার্মিনাল এবং স্টেশন;

(ঠ) রেলওয়ে স্টেশন।

(৩) যদি কোন সরকারী ভবন মেরামত, বর্ধন, পরিবর্তন বা উন্নতি সাধনের জন্য উক্ত ভবনে প্রতিবন্ধীদের গমন সাময়িকভাবে বিঘ্নিত হয় তাহা হইলে তাহাদের গমনের জন্য বিকল্প ব্যবস্থা থাকিতে হইবে।

১৭। **প্রতিবন্ধীসহ সার্বজনীনগম্যতা সম্পর্কিত বিশেষ ব্যবস্থা।**—(১) সকল সরকারী ও বেসরকারী ইমারতসমূহে প্রতিবন্ধীসহ সার্বজনীনগম্যতার ব্যবস্থা থাকিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, আবাসিক ইমরাতসমূহের ক্ষেত্রে প্রতিটি ইমরাতের অন্যূন ৫% স্থানে উক্ত ব্যবস্থা থাকিলে চলিবে।

(২) ১০০ বর্গমিটারের উপর ক্ষেত্রফলবিশিষ্ট সকল গণব্যবহার (Public Use) উপযোগী ইমরাতসমূহে (যেমন ঃ বাণিজ্যিক ভবন, বিপণী বিতান, স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) প্রতিবন্ধীসহ সার্বজনীনগম্যতা অবশ্যই নিশ্চিত করিতে হইবে।

(৩) প্রযোজ্য সকল ইমরাতে প্রতি তলায় ন্যূনতম একটি টয়লেট অথবা সার্বিক টয়লেট সংখ্যার ৫% তন্মধ্যে যাহা অধিকতর হয় সে পরিমাণ টয়লেটে প্রতিবন্ধীসহ সার্বজনীনগম্যতার জন্য নির্দিষ্ট করিতে হইবে, যাহা সহজেই প্রবেশযোগ্য এবং সুনির্দিষ্টভাবে দিক নির্দেশিত।

(৪) প্রযোজ্য প্রতিটি ইমরাতে ন্যূনতম একটি পার্কিং অথবা সর্বমোট প্রয়োজনীয় পার্কিংয়ের ৫% যাহা অধিকতর হয় সেই পরিমাণ পার্কিং প্রতিবন্ধীসহ সার্বজনীতগম্যতার জন্য নির্দিষ্ট করিতে হইবে।

(৫) পার্কিং স্থানে র‍্যাম্প-এর ব্যবস্থা থাকিলে তাহা ন্যূনপক্ষে ১ঃ৮ ঢালবিশিষ্ট হইবে এবং একই দিকে ১২ মিটারের বেশী দীর্ঘ হইবে না এবং রাস্তা হইতে অন্যূন ৪.৫ মিটার দূরত্বে নির্মিত হইতে হইবে।

(৬) র‍্যাম্প-এ প্রবেশ এবং নির্গমন পথ পৃথক হইলে ন্যূনতম প্রস্থ ৩ মিটার অথবা প্রবেশ এবং নির্গমন পথ একই হইলে ন্যূনতম প্রস্থ ৬ মিটার হইতে হইবে।

১৮। **প্রতিবন্ধীদের গম্যতা নিশ্চিত করার জন্য ইমারতের ন্যূনতম মান।**—প্রতিবন্ধীদের গম্যতা নিশ্চিত করার জন্য ইমারতের নিম্নরূপ ন্যূনতম মান নিশ্চিত করিতে হইবে, যথা ঃ—

(ক) **প্রবেশ পথ/বাহির পথ (প্রধান) ঃ**

(১) প্রতিবন্ধীসহ সার্বজনীন গমনাগমনের জন্য প্রয়োজনীয় প্রস্থ (ন্যূনতম খোলা অংশ) বিশিষ্ট কমপক্ষে একটি প্রবেশ এবং নির্গমন পথ থাকিতে হইবে, যাহার পুলসাইড ন্যূনতম ১৫০ সি. মি.×১৫০ সি. মি. এবং পুশসাইডে ন্যূনতম ১২০ সে.মি.×১২০ সে.মি. প্রশস্ত হইতে হইবে;

(২) এই প্রবেশ পথ রিভলভিং টার্ণস্টাইল (Turnstile) হইবে না;

(৩) দৃষ্টি সীমাবদ্ধদের জন্য পথনির্দেশনা (Incidence) এবং গাইড ব্লক দিতে হইবে;

(৪) ফুটপাথ, করিডোর বা যে কোন গমনপথ ন্যূনতম ১২০০ মি.মি. প্রশস্ত হইতে হইবে এবং তাহার নির্দিষ্ট দূরত্বে হুইলচেয়ার ঘোরানোর জন্য প্রয়োজনীয় জায়গা থাকিতে হইবে।

(খ) **র‍্যাম্প ও হ্যান্ডরেইল ঃ**

(১) আনুভূমিক চলাচলের ক্ষেত্রে ১২ মি.মি. পর্যন্ত লেভেল পরিবর্তন হইলে ১ঃ২ ঢালে লেভেল করিতে হইবে এবং এই লেভেল পরিবর্তন ১২ মি.মি. এর অধিক হইলেই র‍্যাম্প দিতে হইবে;

(২) র‍্যাম্প এর শুরু ও শেষে সমতল ল্যান্ডিং দিতে হইবে। ল্যান্ডিং-এর প্রস্থ র‍্যাম্পের ন্যূনতম প্রস্থের সমান হইবে এবং দৈর্ঘ্য ন্যূনতম ১৫০০ মি.মি. হইবে। দিক পরিবর্তনের ক্ষেত্রে ল্যান্ডিং এর ন্যূনতম মাপ ১৫০০ মি.মি.×১৫০০ মি. মি. হইবে;

(৩) র‍্যাম্পের (সর্বোচ্চ) ন্যূনতম ঢাল ১ঃ১২ এবং প্রস্থ ন্যূনতম (হ্যান্ডরেইল থেকে হ্যান্ডরেইল) ১২০০ মি. মি. হইতে হইবে;

(৪) প্রতি র‍্যাম্প এর দৈর্ঘ্য ১২ মি. এর অধিক হইবে না;

(৫) ১.৮ মিটারের অধিক দৈর্ঘ্যবিশিষ্ট র‍্যাম্পের ক্ষেত্রে দুই পাশে হ্যান্ডরেইল দিতে হইবে এবং ইহা র‍্যাম্প এর দুই দিকে ৩০০ মি.মি. পর্যন্ত আনুভূমিক বাড়াইতে হইবে এবং প্রান্তে বৃত্তাকারে ঘোরানো বা ঘুরাইয়া ভূমির সাথে সংযুক্ত করিতে হইবে;

(৬) প্রতিবন্ধীসহ সার্বজনীন প্রবেশগম্যতার জন্য নির্ধারিত যে কোন স্থানে পারিপার্শ্বিকতা সাপেক্ষে ৪০০ মি.মি. উচু যে কোন তলেই হ্যান্ডরেইল দিতে হইবে;

(৭) প্রথম উচ্চতর রেইলং-এর উচ্চতা সিড়ির নোজিং হইতে বা র‍্যাম্পের মেঝে হইতে ৮০০-৯০০ মি.মি. উলম্ব উচ্চতায় হইবে। দ্বিতীয় বা মধ্যবর্তী রেইলিং ১০০-১৫০ মি.মি. উচ্চতায় দিতে হইবে;

(৮) হ্যান্ডরেইল ও সংলগ্ন দেওয়ালের মধ্যে কমপক্ষে ৪০ মি.মি. দূরত্ব থাকিতে হইবে।

(গ) **লিফট ঃ**

(১) লিফটের প্রবেশ নির্গমনের পথ ৮০ গ্রস এর কম হইবে না। কেবিনের মাপ কমপক্ষে ১.২ মি. হইতে ১.৫ মি. হইবে;

(২) লিফট এর বোতামের উচ্চতা ৮৯০-১২০০ মি.মি. এর মধ্যে হইতে হইবে;

(৩) যদি উলম্ব চলাচলের ক্ষেত্রে লিফট বা র‍্যাম্প দেওয়া সম্ভব না হয় তবে হুইল চেয়ার লিফট বা প্লাটফরম লিফট দিতে হইবে যাহার ন্যূনতম পরিমাপ ৯০০ মি. মি. হইতে ১২০০ মি. মি. হইবে।

(ঘ) **পার্কিং ঃ**

(১) প্রতিবন্ধীদের জন্য ন্যূনতম একটি পার্কিং স্পেসসহ সার্বজনীন ব্যবহারযোগ্য পার্কিং স্পেস থাকিতে হইবে যাহা নির্গমন পথের সবচাইতে নিকটবর্তী হইবে;

(২) এই পার্কিং স্পেস গাড়ির জন্য ন্যূনতম ৩.২ মি. প্রশস্ত থাকিতে হইবে।

(ঙ) **ওয়াশরুম ও টয়লেট ঃ**

(১) টয়লেটের দরজার ন্যূনতম প্রস্থ ৯০০ মি. মি. হইবে এবং বাহিরের দিকে খুলিবে;

(২) ওয়েস্টার্ণ কমোড হইতে হইবে এবং ভিতরে ন্যূনতম ১.৫ মি.×১.৫ মি. খোলা অংশ থাকিতে হইবে;

(৩) ওয়াশ বেসিনের টেপের মাপ মেঝে হইতে ৮৫০ মি. উপরে হইবে এবং বেসিনের তলার পাইপ দেয়ালের সাথে এমনভাবে যুক্ত হইবে যাহাতে হুইল চেয়ার পৌঁছাইতে পারে;

(৪) গোসলের স্থান ন্যূনতম ১১৫০ মি. মি. হইবে এবং Floor এ কোন প্রকার Enclosure থাকিতে পারিবে না।

১৯। **কতিপয় সুনির্দিষ্ট কার্যকলাপকে অপরাধ হিসেবে গণ্যকরণ।**—আইনের ধারা ৬(২) এ বর্ণিত ও আইনের তফসিলে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাধা প্রদান করিলে বা উল্লিখিত কার্যক্রম প্রতিপালন না করিলে এবং এই বিধিমালার বিধি ৩, ৪, ৫, ৬, ৮, ও ৯ এর বিধানসমূহ লংঘন করিলে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, সরল বিশ্বাসে কৃত এইরূপ কাজ যা আইনের ধারা ২১ এ বর্ণিত দায়মুক্তির পর্যায়ভুক্ত তা অপরাধ হিসাবে গণ্য হইবে না।

২০। **বিচার পদ্ধতি।**—(১) আইন ও এই বিধিমালার অধীন অপরাধসমূহ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী বিচার করিতে হইবে।

(২) আইন ও এই বিধিমালার অধীন অপরাধসমূহ অ-আমলযোগ্য (non-cognizable) এবং জামিনযোগ্য (bailable) হইবে।

তফসিল-'ক'

ফরম-১

প্রতিবন্ধী চিহ্নিতকরণ ফরম

[বিধি ৩ (৩) দ্রষ্টব্য]

পাসপোর্ট সাইজের ছবি

১। প্রতিবন্ধী ব্যক্তির বিবরণ ঃ (প্রাপ্তি সাপেক্ষে)

নাম							
জন্ম তারিখ (খ্রিঃ)		দিন	মাস	বৎসর	লিঙ্গ	নারী	
	সংখ্যায়					পুরুষ	
	কথায়						
বর্তমান বয়স					রক্তের গ্রুপ		
জন্ম নিবন্ধন নং (যদি থাকে)							

জন্ম স্থান	ওয়ার্ড নং ঃ	জোন নং ঃ
	সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ ঃ	দেশ ঃ বাংলাদেশ/.....

২। পিতা-মাতা স্বামী/স্ত্রীর বিবরণ ঃ

পিতার নাম		জাতীয়তা	
মাতার নাম		জাতীয়তা	
স্বামীর নাম		জাতীয়তা	
স্ত্রীর নাম		জাতীয়তা	

৩। স্থায়ী ঠিকানা ঃ

ওয়ার্ড নং ঃ	জোন নং ঃ
সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ ঃ	দেশ ঃ বাংলাদেশ/.....

৪। বর্তমান ঠিকানা ঃ

ওয়ার্ড নং ঃ	জোন নং ঃ
সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ ঃ	দেশ ঃ বাংলাদেশ/.....

৫। প্রতিবন্ধিতার ধরণ ঃ

(১) নিম্নোক্ত কারণে দৈহিকভাবে বিকলাঙ্গ বা মানসিকভাবে ভারসাম্যহীন—

(ক) জন্মগত;

(খ) রোগাক্রান্ত;

(গ) দুর্ঘটনায় আহত;

(ঘ) অপচিকিৎসায় ক্ষতিগ্রস্ত;

(ঙ) অন্য কোন কারণে।

(২) উক্তরূপ বৈকল্য বা ভারসাম্যহীনতার ফলে—

(অ) স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন; এবং

(আ) স্বাভাবিক জীবনযাপনে অক্ষম ।

(৩) প্রতিবন্ধিতার ধরণ —

(ক) দৃষ্টি প্রতিবন্ধী অর্থাৎ যাহার—

(অ) এক চোখের দৃষ্টি শক্তি নাই; বা

(আ) উভয় চোখের দৃষ্টি শক্তি নাই;

(ই) ভিজুয়েল এ্যাকুইটি, যথাযথ লেন্স ব্যবহার করা সত্ত্বেও, ৬/৬০ অথবা ২০/২০০ (লেন্সের পদ্ধতি) অতিক্রম করে না; বা

(ঈ) দৃষ্টি সীমা (Field of vision) ২০ ডিগ্রী কোণের বিপ্রতীপ কোণের মধ্যে সীমাবদ্ধ থাকে;

(খ) শারীরিক প্রতিবন্ধী অর্থাৎ যাহার—

(অ) একটি বা উভয় হাত নাই; বা

(আ) কোন হাত পূর্ণ বা আংশিকভাবে অবশ বা স্বাভাবিক মাত্রা অপেক্ষা এইরূপ দুর্বল যে, দফা ৫ এর উপ-দফা (১) এবং (২) এ বর্ণিত অবস্থা তাহার ক্ষেত্রে প্রযোজ্য; বা

(ই) একটি বা উভয় বা নাই; বা

(ঈ) কোন পা পূর্ণ বা আংশিকভাবে অবশ বা স্বাভাবিক মাত্রা অপেক্ষা এইরূপ দুর্বল যে, দফা ৫ এর উপ-দফা (১) এবং (২) এ বর্ণিত অবস্থা তাহার ক্ষেত্রে প্রযোজ্য; বা

(উ) শারীরিক গঠন বিকৃত বা অস্বাভাবিক; বা

(ঊ) স্নায়বিক বৈকল্যের কারণে স্থায়ীভাবে শারীরিক ভারসাম্য নাই;

(গ) শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তি অর্থাৎ যাহার অপেক্ষাকৃত সুস্থ কানের শ্রবণ ক্ষমতা, সাধারণ কথোপকথন শ্রবণের ক্ষেত্রে ৪০ ডেসিবল (ধ্বনির একক) বা ততধিক মাত্রায় নষ্ট, ক্ষতিগ্রস্থ বা অকার্যকর;

(ঘ) বাক প্রতিবন্ধী ব্যক্তি অর্থাৎ যাহার স্বাভাবিক অর্থবোধক ধ্বনি উচ্চারণ করার ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে বিনষ্ট বা অকার্যকর;

(ঙ) মানসিক প্রতিবন্ধী ব্যক্তি অর্থাৎ যাহার—

(অ) বয়ঃবৃদ্ধির সঙ্গে সঙ্গে স্বাভাবিক বুদ্ধির পূর্ণতা ঘটে নাই বা যাহার বুদ্ধাংক স্বাভাবিক মাত্রা অপেক্ষা কম; বা

(আ) মানসিক ভারসাম্য নাই বা সম্পূর্ণ বা আংশিকভাবে নষ্ট হইয়াছে;

(চ) বহু মাত্রিক প্রতিবন্ধী ব্যক্তি অর্থাৎ যাহার উপরি-উল্লিখিত একাধিক প্রতিবিন্ধতা রহিয়াছে;

(ছ) সমন্বয় কমিটি কর্তৃক ঘোষিত অন্য কোন প্রতিবন্ধী ব্যক্তি ।

৬। প্রতিবন্ধী ব্যক্তি তার প্রতিবন্ধীতার ধরণের উপর তথ্য গ্রহণকারীর মতামত, মন্তব্য বা চিকিৎসা গ্রহণ করিয়া থাকিলে চিকিৎসার ইতিহাস/না করিয়া থাকিলে কারণ ইত্যাদি বিষয় বিস্তারিতভাবে উল্লেখ থাকিতে হইবে ।

৭। প্রতিবন্ধী ব্যক্তির স্বাক্ষর/টিপসহি ও তারিখ.....

৮। তথ্য সংগ্রহকারীর প্রত্যয়ন ঃ

আমি স্বজ্ঞানে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সঠিক এবং নিবন্ধনাধীন প্রতিবন্ধী ব্যক্তি পূর্বে নিবন্ধিত হয় নাই ।

তথ্য গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ

তফসিল-'ক'

ফরম-২
[বিধি ৮ (১) দ্রষ্টব্য]

পরিচয়পত্র

স্ট্যাম্প সাইজ ছবি

নিবন্ধন নং

নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তির নাম	ঃ
প্রতিবন্ধিতার ধরণ	ঃ
পিতার নাম	ঃ
মাতার নাম	ঃ
স্বামী/স্ত্রীর নাম	ঃ
জন্ম স্থান	ঃ
জন্ম তারিখ	ঃ
বর্তমান বয়স	ঃ
জন্ম নিবন্ধন নং	ঃ
স্থায়ী ঠিকানা	ঃ
বর্তমান ঠিকানা	ঃ
জাতীয়তা	ঃ
ধর্ম	ঃ
লিঙ্গ	ঃ
রক্তের গ্রুপ	ঃ
ইস্যুর তারিখ	ঃ
মেয়াদ উত্তীর্ণের তারিখ	ঃ

সদস্য সচিব
জেলা প্রতিবন্ধী কল্যাণ কমিটি

তফসিল 'খ'

প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহার্য প্রয়োজনীয় উপকরণের তালিকা

[বিধি ১৩ (ফ) দ্রষ্টব্য]

দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক উপকরণসমূহ ঃ

১. সাদা ছড়ি (ফোল্ডিং হোয়াইট কেইন)
২. লুডু
৩. ব্রেইল লেখার রাইটিং ফ্রেম
৪. পাজেল
৫. স্টাইলাস
৬. তাস
৭. ব্রেইল পেপার
৮. ডমিনোস
৯. গণিত বোর্ড (ম্যাথমেটিক্স বোর্ড)
১০. টেপ রেকর্ডার
১১. গনণা যন্ত্র (এবাকাস)
১২. জ্যামিতিক যন্ত্রাদি (জিও-ম্যাট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট)
১৩. ম্যাজিক স্লেট
১৪. স্বাক্ষর কার্ড (সিগনেচার কার্ড)
১৫. ম্যাগনিফাইং গ্লাস
১৬. শব্দযুক্ত থার্মোমিটার (টকিং থার্মোমিটার)
১৭. ব্রেইল টাইপরাইটার (পারকিন্স ব্রেইলার)
১৮. শব্দযুক্ত ঘড়ি (টকিং ওয়াচ)
১৯. কম্পিউটার ব্রেইল প্রিন্টার (জস সফটওয়ার)
২০. ব্রেইল পিন বোর্ড
২১. নোট টেকার
২২. ব্রেইল লেবেলার
২৩. ব্রেইল অ্যান্ড স্পিক
২৪. ব্রেইল হাতঘড়ি
২৫. সিসি টিভি
২৬. টকিং বুক
২৭. মোবাইল সফটওয়ার
২৮. রিডিং মেশিন
২৯. ট্যাকটাইল গ্রাফিক পিকচার
৩০. টকিং ল্যাপটপ
৩১. সাউন্ড টার্চ
৩২. ডিজিটাল প্রবেশগম্য তথ্য প্রক্রিয়া (ডিজিটাল একসেস ইনফরমেশন সিস্টেম-ডেইজি)
৩৩. টকিং ক্যালকুলেটর
৩৪ কম্পিউটার স্ক্রীন রিডিং ওফটওয়ার-জস (জব অ্যাকসেস উইথ স্পিচ-জস মেজিক)
৩৫. গ্লোব (বিভিন্ন মডেলের)
৩৬. শব্দযুক্ত স্কেল (পানি, চা, দুধ ও তেল ইত্যাদি তরল পদার্থ ঢালার ক্ষেত্রে সহায়ক)
৩৭. সাউন্ড বল

শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আমদানীকৃত সহায়ক উপকরণসমূহ ঃ

০১. এলবো ক্রাচ
০২. হাতের ক্রাচ
০৩. ওয়াকার
০৪. ছড়ি
০৫ চার পা লাঠি
০৬. এয়ার ম্যাট্রেস
০৭. নী ব্রেস
০৮. নী ক্যাপ
০৯. সার্ভিক্যাল ওরথেসিস
১০. হ্যান্ড ক্রাচ
১১. হিটিং প্যাড
১২. হিল কুশোন
১৩. হুইল চেয়ার

শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আমদানীকৃত সহায়ক উপকরণসমূহ ঃ

০১. হিয়ারিং এইড
০২. অডিটরি ট্রেনিং ইউনিট
০৩. গ্রুপ হিয়ারিং এইড
০৪. বহনযোগ্য এমপ্লিফায়ার
০৫. টেলিফোন এমপ্লিফায়ার
০৬ মাইক্রো প্রসেসর/ফ্যাক্স ডিভাইস
০৭. এমপ্লিফায়ার স্টেথোস্কোপ
০৮. করফারেন্স মাইক্রোফোন
০৯. ইনডাকশন লুপ সিস্টেম
১০. ডাইরেক্ট ইনপুট সিস্টেম
১১. কম্পন সৃষ্টিকারী ঘড়ি
১২. কম্পন সৃষ্টিকারী বালিশ

শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক উপকরণ তৈরির কাঁচামাল ঃ

০১. পলি প্রপাইলিন সীট
০২. স্টোকি নেট
০৩. জয়পুর ফুট
০৪. হ্যান্ড কীট এ্যবোভ এলবো
০৫. হ্যান্ড কীট বিলো এলবো
০৬. কীট বিলো নী
০৭. কীট এ্যবোভ নী
০৮. ক্যালিপার নী জয়েন্ট

প্রতিবন্ধডি ব্যক্তিদের চিকিৎসার জন্য যন্ত্রপাতি ঃ

০১. ইএনটি ম্যাসটোয়ড ড্রিল মেশিন
০২. ইএনটি হেড লাইট
০৩. ইএনটি অপারেটিং মাইক্রোস্কোপ
০৪. অরোস্কোপ
০৫ এ স্ক্যান
০৬. কেরাটোমিটার
০৭. আই অপারেটিং মাইক্রোস্কোপ
০৮. অফথালমিক ওটি টেবিল
০৯. স্টি ল্যাম্প
১০. অফথালমোস্কোপ
১১. অ্যাপানেশন টিনোমিটার
১২. র‍্যানটিস্পোক
১৩. অটো রিফ্রাকটোমিটার
১৪. ইলেকট্রিক পাস্টার কাটিং স্য
১৫. ইমার্জেন্সি অ্যাস্পিরেটর
১৬. পাস অক্সিমিটার (বিসিআই-আই)
১৭. পিওরটোন অডিওমিটার
১৮. ফ্রি ফিল অডিওমিটার
১৯. টিম্পানো মিটার
২০. সাউন্ড লেভেল মিটার
২১. হিয়ারিং এইড এনালাইজার
২২. অটোস্কোপ
২৩. ভিডিও অটোস্কোপ
২৪. ম্যানচেষ্টার রেটেল

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. এ. হাই হাওলাদার
সচিব ।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।